দামুড়হুদার পড়শী এইডের পক্ষ থেকে শরবত বিতরণ

সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় প্রচন্ড তাপদহের কারনে পথচারীদের সাময়িক স্বস্তি দিতে পড়শী এইড সামাজিক সংগঠনের পক্ষ থেকে ফ্রী লেবুর শরবত বিতরণ করেছেন।

আজ শুক্রবার বেলা ১২টা থেকে দুপুর ৪টা পর্যন্ত দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠাল তলায় এই শরবত বিতরণ করা হয়।

জানাগেছে বিগত টানা ৩ সপ্তাহ ধরে সারা দেশের ন্যায় দামুড়হুদা উপজেলায় প্রচন্ড তাপদাহ চলছে। এরই মধ্যে গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় চুয়াডাঙ্গায় ৪১. ২ ডিগ্রি সেলসিয়াস। এতো গরমে জীবন জিবিকার তাগিদে মানুষ ঘর থেকে বের হলেও তাপদহের কারনে মানুষ স্বস্তি পাচ্ছেনা। ঠিক এসময় চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার জয়রামপুর স্টেশন পাড়ায় অবস্থিত সামাজিক সংগঠন পড়শী এইড মানুষের সাময়িক স্বস্তি দিতে ফ্রী লেবুর শরবত বিতরণের উদ্যোগ নেন। এরই আলোকে গতকাল শুক্রবার পাখি ভ্যান চালক, ইজিবাইক চালক, বাইসাইকেল চালক, ট্রাক চালক সহ সাধারণ পথচারী ও যাত্রীদের মাঝে প্রায় ১ হাজার লিটার লেবুর শরবত ফ্রী বিতরণ করেন।

এবিষয়ে পাখি ভ্যান চালক জিয়া ইসলাম বলেন, এই প্রচন্ড রোদ গরমে সব সময় গলা শুকিয়েই থাকছে। মন চাচ্ছেনা ঘর থেকে বের হতে। কিন্তু কাজ না করলে খাবো কি? তাই কষ্ট হলেও জীবিকার তাগিদে রাস্তায় বের হতে হচ্ছে। শুকনো গলায় ঠান্ডা লেবুর শরবত খেয়ে প্রাণটা জুড়িয়ে গেলো। এমন রোদে ফ্রী’তে লেবুর শরবত দেওয়ায় পড়শী এইড কে ধন্যবাদ জানায়।

এসময় উপস্থিত ছিলেন পড়শী এইড সামাজিক সংগঠনের সভাপতি মোঃ হানিফ আলী, সাধারণ সম্পাদক আব্দুল হালিম,সহ সাধারণ সম্পাদক রিপন আলী, প্রচার সম্পাদক আসাদুল ইসলাম, নির্বাহী সদস্য আরিফুল ইসলাম,ইনতাজ,মাসুম রান্না,কৌশিক, লিখন,ইমন,সজীব, খালিদ,জুনমুন, হাবিবুর রহমান,সাইমুর রহমান,মারুফ সহ সংগঠনের অন্যান্য সদস্যবৃন্দ।